

💵 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ ১০ জিলহজ্জের আমলসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

দিতীয় আমল : হাদী জবেহ করা

বড় জামরায় কন্ধর নিক্ষেপ শেষ করে হাদী জবেহ বিষয়ে মনোনিবেশ করুন। তামাতু ও কেরান হজ্জ পালনকারীর জন্য হাদী জবেহ করা ওয়াজিব। ইফরাদ হজ্জকারীর জন্য মুস্তাহাব। উট-গরু-বকরি-মেষ হাদী হিসেবে জবেহ করা যায়। উট হলে ৫ বছর বয়সের, গরু হলে দুই বছর বয়সের ও মেষ হলে এক বছর বয়সের হতে হবে। উট ও গরু হলে একটাতে সাতজন অংশ নিতে পারবেন। তবে কারো অংশই যেন একসপ্তমাংসের কম না হয় সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। বকরি ও ভেড়ার ক্ষেত্রে এক হাদী একজনের জন্য জবেহ করতে হবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3525

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন